

# কবির বাড়িতে কবিতা সন্ধ্যা

আনিসুর রহমান



জীবনে যে লোক একটিও কবিতা লেখেননি তিনি মনে হয় সম্পূর্ণ বাঙালী নন। সেভাবে দেখলে আমরা সবাই কবি। এই ভ্রান্তি দূর করার জন্যই সম্ভবতঃ কোন বিজ্ঞ সমাবাদার বলেছিলেন "সবাই কবি নয়, কেউ কেউ কবি"। মাহমুদা রুন্সু সবার দলে নন তিনি কেউ কেউদের দলে। পেশায় ইঞ্জিনিয়ার হলেও তিনি জাতে একজন কবি। গত শনিবার সন্ধ্যায় (২৩শে জুন) তার বাসায় বসেছিল কবিতার আসর। বিকাল ৪টায় অনুষ্ঠান। সন্ধ্যা বলা ঠিক হচ্ছে না কিন্তু কবিতা শুনতে শুনতে কখন বিকাল গড়িয়ে সন্ধ্যা হয়েছে, সন্ধ্যা গড়িয়ে রাত -

ঠিক বুঝতে পারিনি। মাহমুদা রুন্সু এবং তার স্বামী আবু সাঈদ মামুনের ওয়াটল গ্রোভ এর বাসায় গিয়ে দেখি বিশাল আয়োজন। গেমস

রুমে চেয়ার পেতে মঞ্চ করা হয়েছে

আবৃত্তিকারদের জন্য।

শ্রোতাদের বসার ব্যবস্থা হয়েছে ফামিলি রুমে।

মাঝখানে বড় একটা দরজা। ছোটখাটো একটা

হলের মতই মনে হলো। দরজার দুপাশে দুটো

মাইক্রোফোন পরিবেশে

যুক্ত করেছে একটা আনুষ্ঠানিক মাত্রা।



কবিতা আবৃত্তি করলেন, প্রিয়েতা, শাহীন শাহনেওয়াজ, কবিতা

পারভেজ, সাইফুর রহমান অপু, ফাতিমা

জাহান, আশিষ বাবলু, ইফফাত আরা শুচী,

মমতা চৌধুরী, কাইয়ুম পারভেজ, গুরভী ছন্দা

এবং মাহমুদা রুন্সু। অনুষ্ঠানের বিষয় ছিল

রবীন্দ্রনাথ এবং নজরুল। তিন পর্বে সাজানো

অনুষ্ঠান। প্রথম পর্বে সবাই আবৃত্তি করলেন

মাহমুদা রুন্সুর পছন্দ করা কবিতা। তারপর

চায়ের বিরতী। দ্বিতীয় পর্বে সবাই আবৃত্তি

করলেন নিজের পছন্দ করা কবিতা। এর পর

তৃতীয় পর্বে ছিল গান। গান শোনালেন,

সিরাজুস সালেকিন, নাজমুল খান, গুরভী



ছন্দা এবং অমিয়া মতিন। আন্তরিক ঘরোয়া পরিবেশ, মোমের আলো, উষ্ণ আতিথেয়তা, প্রিয় কবি এবং অপূর্ব কবিতা সব মিলে প্রাণ জুড়ানো একটা অনুষ্ঠান উপহার দিলেন মাহমুদা রুন্সু।